যুগান্তর

তারিখ ... 21 NOV 2017 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

# জবিতে ভর্তি শুরু আজ

জবি প্রতিনিধি

জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) ২০১৭-১৮ সেশনের প্রথম বর্ষের 'সি' ইউনিটের (ব্যবসায় শিক্ষা অনুষদ) অধীনে ভর্তি কার্যক্রম শুরু হচ্ছে আজ। ভর্তি কার্যক্রম শুরু হলেও এখন পর্যন্ত 'এ' ইউনিটের (বিজ্ঞান অনুষদের) প্রশ্ন ফাঁসের অভিযোগের তদন্ত প্রতিবেদন জমা দেয়া হয়নি। কলা অনুষদভুক্ত 'ই' ইউনিটের ফিল্ম অ্যান্ড টেলিভিশন বিভাগের ভর্তি পরীক্ষার ফলও প্রকাশ করা হয়নি।

বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার দফতর সূত্র জানায়, ২১ থেকে ২৬ নভেম্বর 'সি' (ব্যবসায় শিক্ষা অনুষদ) ইউনিটের ২৬ থেকে ২৯ নভেম্বর 'এ' (বিজ্ঞান অনুষদ), 'বি' (কলা অনুষদ) ও 'ই' (কলা অনুষদভুক্ত) ইউনিটের এবং ১০ থেকে ১৩ ডিসেম্বর 'ডি' (সামাজিক বিজ্ঞান অনুষদ) ইউনিটের প্রথম মেধা তালিকার ভর্তি কার্যক্রম শুরু হবে। আসন ফাঁকা থাকা সাপেক্ষে ৩০ নভেম্বর থেকে ৪ ডিসেম্বর 'সি'

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

# জবিতে ভর্তি শুরু আজ

(৩য় পৃষ্ঠার পর)

(ব্যবসায় শিক্ষা অনুষদ) ইউনিটের, ৩ থেকে ৬ ডিসেম্বর 'এ' (বিজ্ঞান অনুষদ), 'বি'
(কলা অনুষদ) ও 'ই' (কলা অনুষদভুক্ত) ইউনিটের এবং ১৭ থেকে ১৯ ডিসেম্বর
'ডি' (সামাজিক বিজ্ঞান অনুষদ) ইউনিটের দ্বিতীয় মেধা তালিকার ভর্তি শুরু হবে।
এ ছাড়া ১৭ ডিসেম্বর 'সি' (ব্যবসায় শিক্ষা অনুষদ) ইউনিটের, ১৫ ডিসেম্বর 'এ'
(বিজ্ঞান অনুষদ), 'বি' (কলা অনুষদ) ও 'ই' (কলা অনুষদভুক্ত) ইউনিটের এবং ২৭
ডিসেম্বর 'ডি' (সামাজিক বিজ্ঞান অনুষদ) ইউনিটের কোটায় উত্তীর্ণদের সাক্ষাৎকার
অনুষ্ঠিত হবে। ভর্তির মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের শিউর ক্যাশ মোবাইল
ব্যাংকিংয়ের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে টাকা জমা দিতে হবে।

**তদন্ত প্রতিবেদন জমা দেয়ার আগেই শুরু হচ্ছে ভর্তি কার্যক্রম :** 'এ' ইউনিটের ভর্তি
পরীক্ষার দু'ঘণ্টা আগে প্রশ্ন ফাঁসের অভিযোগে তদন্ত কমিটি গঠন করা হলেও তদন্ত
প্রতিবেদন জমা দেয়ার আগেই শুরু হচ্ছে ভর্তি কার্যক্রম। ফলে শিক্ষার্থীরা বলছেন,
প্রশ্ন ফাঁসের অভিযোগে তদন্ত কমিটি গঠন প্রশাসনের এক ধরনের ছলচাতুরী। 'এ'
ইউনিটের প্রশ্ন ফাঁসের অভিযোগের পর শিক্ষার্থীরা পরীক্ষা বাতিল করে আবার
নেয়ার দাবিতে আন্দোলন শুরু করলে বিশ্ববিদ্যালয় প্রশাসন আন্দোলন থামাতেই
তদন্ত কমিটি গঠন করে। কিন্তু তদন্ত কমিটির প্রতিবেদন জমা দেয়ার আগেই 'এ'
ইউনিটের ফল প্রকাশ করা হয়। সাত দিনের মধ্যে প্রতিবেদন জমা দেয়ার জন্য বলা
হলেও এক মাসেও প্রতিবেদন জমা না দিয়ে এখন ভর্তি কার্যক্রম শুরু করছে
বিশ্ববিদ্যালয় প্রশাসন। এ ছাড়া কলা অনুষদভুক্ত 'ই' ইউনিটের লিখিত পরীক্ষা ২৭
অক্টোবর নেয়া হলেও এখনও ফিল্ম অ্যান্ড টেলিভিশন বিভাগের ভর্তি পরীক্ষার ফল
প্রকাশ করা হয়নি।